# যীশুই সেরা জীবন রক্ষাকারী

## মূল সত্য

যীশুই সেবা জীবন রক্ষাকারী

## বাইবেলের পদ

“যারা হারিয়ে গেছে তাদের খোঁজ করতে ও পাপ থেকে উদ্ধার করতেই মনুষ্যপুত্র এসেছেন।”

**- লূক ১৯ঃ১০**

## পাঠের শুরু

প্যারামেটিকেরা জীবন বাঁচান

## বাইবেলের গল্প

মুক্তির পরিকল্পনা
- লূক ২৩ এবং ২৪

## সম্পর্কযুক্ত গল্প

চিন ও ইয়ান

নতুন্ম রূপান্তর

বিজয় মিনিস্ট্রিজ

# পাঠের উদ্দেশ্য


যখন আমরা ঈশ্বরের জন্য জীবন যাপন করতে চেষ্টা করি আর তখন প্রতিদিনের এমন কিছু বিষয়ের সাথে আমাদের মোকেবেলা করতে হয় যার জন্য কোন কোন সময় তাঁর উপর থেকে নির্ভরতা কমিয়ে দেই। আর ঐ সময়ে লোকেরা তাদের নিজেদের কাছে যেটা ভাল লাগে সেইভাবে তাদের জীবন পরিচালনা করেন। যারফলে লোকেরা ঈশ্বরের বিরুদ্ধে পাপ করে এবং তখন তাদের রক্ষা করার জন্য একজন লোকের প্রয়োজন হয়।
আজকের শিক্ষার উদ্দেশ্য হচ্ছে শিশুরা যেন জানতে পারে যে যীশুই হচ্ছেন সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী কারণ তিনি এই দুনিয়ার রক্ষাকর্তা। এর অধিবেশনের শেষে, শিশুরা জানবে যে তাদের যীশুকে মুক্তিদাতা হিসাবে গ্রহন করে তাঁর কাছ থেকে পরিত্রান গ্রহন করার প্রয়োজন।



# প্রয়োজনীয় উপকরণ


## পাঠের শুরুঃ

প্যারামেডিকের পোষাক, একজন রোগী, প্রাথমিক চিকিৎসার যন্ত্রপাতী, চেয়ার




## বাইবেলের গল্পঃ

যীশুর পোষাক, সৈন্য, সাধারণ একদল লোক, সাদা কাপড়



## সম্পর্কযুক্ত গল্প

স্লাইডস



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

সক্রিয়

# পাঠের শুরু

# প্যারামেডিকেরা জীবন বাঁচান



*(একজন প্যারামেডিক ডাক্তার ঢুকবেন, এবং একজন অসুস্থ্য ব্যক্তিকে পরীক্ষা করবেন যিনি আগে থেকেই চেয়ারে বসে থাকবেন)* জরুরী সময়ে যদি তুমি কোন এ্যামবুলেন্স ডাক, তখন এই ধরণের পোষাকের লোকেদেরকে দেখা যায়। **এদেরকে প্যারামেডিক বলা হয় এবং তারা জীবন রক্ষা করেন কারণ তাদের কাজই হচ্ছে জীবন রক্ষা করা বা বাঁচানো।** যারা অসুস্থ্য, আঘাতপ্রাপ্ত এবং যারা নিজেদেরকে সাহায্য করতে পারে না এমন লোকদেরকে তারা সাহায্য করেন। *(প্যারামেডিক অসুস্থ্য ব্যক্তিকে বের হয়ে যেতে সাহায্য করবেন)*।

এটা আমাকে এমন কারো কথা স্মরণ করিয়ে দেয় যিনি সমস্ত দুনিয়ার জীবন রক্ষা করেন। তিনি সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী এবং এমন কেউ নেই যে তার মত জীবন রক্ষা করতে পারে। তিনি শুধুমাত্র তুমি যখন অসুস্থ বা আঘাত পাও তখনই সাহায্য করেন এমন নয়। এমনকি তিনি তোমার অন্তরের মধ্যে যে কষ্ট আছে সেটাও সুস্থ করতে পারেন। তিনি তোমার বিষয়ে সবকিছু জানেন এবং যখনই তোমার তাঁকে প্রয়োজন হবে তখনই তিনি তোমার পাশে আছেন। তিনি কখনোই ঘুমান না এবং দিন কি রাত সবসময় সাহায্য করার জন্য প্রস্তুত আছেন। তোমাদের অনেকেই হয়তো তাঁকে চেন কারণ তিনি ইতিমধ্যেই তোমাকে সাহায্য করেছেন। আমি যে রক্ষাকর্তার কথা বলছি তাঁর নাম হচ্ছে যীশু। **যীশুই হচ্ছে এই পৃথিবীর সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী।**

যীশু এমন লোককে রক্ষা করতে পারেন যে মাদক বা নেশা জাতীয় জিনিস দিয়ে নিজের কষ্ট দুর করতে চায়। যীশু এমন লোকদেরকে রক্ষা করতে পারেন যারা তাদের রাগ বা খারাপ আচরণের জন্য সবসময় কোন না কোন সমস্যায় পড়ে যায়। এমনকি তিনি এমন লোকদেরকেও রক্ষা করতে পারেন যাদেরকে খারাপভাবে ব্যবহার করার জন্য হৃদয় ভেঙ্গে গেছ। এটা যে তাঁর কাজ সেই জন্যই শুধুমাত্র তিনি লোকদের জীবন রক্ষা করেন এমন নয়। **তিনি আমাদের রক্ষা করেন কারণ তিনি আমাদেরকে ভালবাসেন।** তিনি সেই লোকদের খোঁজ করেন যাদের তাঁর সাহায্য দরকার এবং তাদের তিনি রক্ষা করতে চান। তাতে কিছু যায় আসে না যে তারা কি তাঁকে চেনে নাকি তাঁর কথা কখনোই শোনেই নাই। **যীশু সবাইকে সাহয্য করতে চান এবং সবাইকে একটি ভাল জীবন দিতে চান।**

**আজকের বাইবেল পদ এই কথা বলেঃ**
**“যারা হারিয়ে গেছে তাদের খোঁজ করতে ও পাপ থেকে উদ্ধার করতেই মনুষ্যপুত্র এসেছেন।” -লূক ১৯ঃ১০**

**উদাহরণ**

- **যীশু তোমার বাবা-মায়ের মধ্যকার ঝগড়ার সমস্যা সমাধান করতে পারেন কারণ তিনি সবচেয়ে সেরা রক্ষাকারী।**
- **যদি তোমার আপন কেউ মারা যায় আর তার জন্য তোমার অনেক দুঃখ হয় তাহলে যীশুকে বল যেন তিনি তোমাকে সান্তনা দেন।**

যীশু সবসময় লোকদের খুঁজছেন যাদের সাহায্য দরকার এবং তিনি তোমাকেও সাহায্য করতে প্রস্তুত। .**আজকে তোমার জীবন তুমি তাঁকে দাও এবং তাকে তোমার জীবনে আসতে বল কারণ তিনি পৃথিবীর সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী।**

**উপকরণ**

প্যারাডেমিকের পোষাক, একজন অসুস্থ ব্যক্তি, প্রাথমিক চিকিৎসার যন্ত্রপাতী



বিজয় মিনিস্ট্রিজ্ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# বাইবেলের গল্প

দৃষ্টান্ত

## পরিত্রানের পরিকল্পনা - লূক ২৩ ও ২৪

কেন যীশু সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী তা বোঝার জন্য আমাদেরকে একদম সৃষ্টির শুরুতে যেতে হবে। যখন ঈশ্বর প্রথম পুরুষ ও স্ত্রীলোককে সৃষ্টি করলেন তখন পৃথিবীতে খারাপ কিছুই ছিল না। কিন্তু যখনই তারা ঈশ্বরের অবাধ্য হলো তখন পৃথিবীতে পাপ আসলো এবং তাদেরকে ঈশ্বরের কাছ থেকে আলাদা করে দিল। পাপের সাজা হচ্ছে ঈশ্বরের কাছ থেকে আলাদা হওয়া এবং মৃত্যুবরণ করা। এর অর্থ হলো এই যে যদি কোন রক্ষাকারী না থাকে তাহলে আমদের মৃত্যুর পর আমরা স্বর্গে না গিয়ে নরকে যাব এবং ঈশ্বরের কাছ থেকে চিরতরে আলাদা হয়ে যাব। **কিন্তু ঈশ্বর চাননি যেন এমন কিছু হয় সেই জন্য তিনি তাঁর একমাত্র ছেলেকে পৃথিবীতে পাঠালেন যেন তিনি আমাদের সাজা ভোগ করেন এবং আমরা পূণরায় ঈশ্বরের কাছে যেতে পারি।**

*(যীশু এবং লোকদের প্রবেশ, যীশু লোকদের শিক্ষা দিচ্ছেন)* যখন যীশু এই পৃথিবীতে ছিলেন, তখন তিনি অনেক আশ্চর্য কাজ করেছেন এবং লোকদেরকে ঈশ্বরের বিষয়ে শিক্ষা দিয়েছেন। **সেইসাথে তিনি লোকদেরকে ঈশ্বরের উদ্ধারের পরিকল্পনার কথাও বলছেন এবং কেন তাকে এই পৃথিবীর রক্ষার জন্য মরতে হবে সেটাও বললেন।** যদিও ঈশ্বর যীশুকে আমাদের রক্ষা করার জন্য পাঠিয়েছিলেন কিন্তু কিছু লোক ছিল যারা তাঁকে পছন্দ করতো না এবং তাঁকে মেরে ফেলতে চাইতো। *(সৈন্যদের প্রবেশ, যীশুকে ধরবে, সব লোকদেরকে নিয়ে বের হয়ে যাবে)* তাই যীশুর যখন ৩৩ বছর বয়, তখন তাকে আটক করা হয়, মারা হয় এবং পেরেক দিয়ে ক্রুশে গেঁথে দেয়া হয়। যে লোকেরা তাঁকে মেরে ফেলেছিল তারা মনে করেছিল যে এটা তাদের পরিকল্পনা, কিন্তু আসলে এটি ঈশ্বরের পরিকল্পনারই একটি অংশ। **আমাদেরকে রক্ষা করার জন্য যীশু আমাদের সমস্ত পাপের শাস্তি নিয়ে ক্রুশে মৃত্যুবরণ করলেন।**

*(যীশু একটি সাদা কাপড় জড়িয়ে প্রবেশ করবে)* কিন্তু এখানেই গল্পের শেষ নয়। মৃত্যুর তিনদিন পর যীশু আবার পূণরায় জীবিত হলেন এবং কবর থেকে বের হয়ে আসলেন যেমনটি ঈশ্বর তাঁর জন্য পরিকল্পনা করে রেখেছিলেন।

***থাম!*** *(শিক্ষক যীশুর পাশে গিয়ে দাড়াবেন)* যীশু এই কাজ করার মধ্যে দিয়ে আমাদেরকে আবার ঈশ্বরের সাথে মিলিত হওয়ার একটি উপায় তৈরী করলেন। এখন যখন আমরা ঈশ্বরের কাছে আমাদের পাপের ক্ষমা চাই এবং আমাদের জীবনের যীশুকে গ্রহন করি, তখন আমরা ঈশ্বরের আরো কাছে আসি এবং একদিন আমরা তাঁর সাথে স্বর্গে থাকবো। কিন্তু যীশু শুধুমাত্র তোমার পাপ থেকে মুক্ত করার জন্যই মারা যান নি। **সেই সাথে তিনি চান যেন তোমার জীবনের প্রত্যেকদিনের যে সমস্যাগুলো আছে সেখানে তিনি তোমাকে সাহায্য করতে পারেন। যীশু এই সবকিছু করতে পারেন কারণ তিনিই সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী।**

**আজকের বাইবেলের পদ এই কথা বলেঃ**
**“যারা হারিয়ে গেছে তাদের খোঁজ করতে ও পাপ থেকে উদ্ধার করতেই মনুষ্যপুত্র এসেছেন।” - লূক ১৯ঃ১০**

**উদাহরণ**

- **যদি তুমি অন্তরের কষ্ট কমানোর জন্য মাদক নেয়ার চেষ্টা করে থাক তাহলে যীশুকে বল যেন তিনি সুস্থ করেন এবং তোমাকে মাদক ছাড়াতে সাহায্য করেন।**
- **যদি তুমি মিথ্য বলতেই থাক এবং অন্যলোকদেরকে আঘাত করে থাক তাহলে যীশুর কাছে সাহায্য চাও যেন তিনি এই কাজ থেকে দূরে থাকতে সাহায্য করেন।**

**যীশু আমাদের সাড়া নিজের উপর নিলেন এবং আমাদের পাপের জন্য ক্রুশে মরলেন। তিনি এই কাজ করেছেন কারণ তিনি আমাদেরকে ভালবাসেন এবং চান যেন আমরা আবারও ঈশ্বরের কাছে ফিরে আসি। এই জন্যই যীশু হচেছন একজন সেরা জীবন রক্ষাকারী।**

**উপকরণ**

যীশুর পোষাক, সৈন্যদল, একদল লোক, সাদা কাপড়



বিজয় মিনিস্ট্রিজ্ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ


# সম্পর্কযুক্ত গল্প

## চিন ও ইয়ান


১ চিনের একটি এনটিক দোকানে সব ধরণের অনন্য জিনিস পাওয়া যেত। কিন্তু দোকানের মালিক হওয়ার পর জেন লি অসুস্থ হয়ে পড়েন এবং তাই তাকে হয় সবকিছু বিক্রি করে দিতে হবে অথবা ফেলে দিতে হবে। কয়েকদিনের মধ্যে জেন লি-য়ের দোকানের জিনিসগুলো নিলামে উঠলো কিন্তু তার কাছ থাকা কিছু প্রাচীন/পুরানো কয়েন বিক্রয় হলো না। কেউই সেইগুলো কিনতে আগ্রহী ছিল না। জেন লি আর অপেক্ষা করতে পারলেন না, তাই তিনি সিদ্ধান্ত নিলেন যে তিনি সেগুলোকে ফেলে দিবেন।




২ কয়েনগুলোর মধ্যে একটি কয়েন যার নাম মেই, সে বিষয়টি খেয়াল করলো এবং এর একটি সমাধানের জন্য সিদ্ধান্ত নিল। সে আরো অন্য সবাইকে একসাথে জড়ো করে বলল, “আমি একজন সঠিক লোককে খুঁজতে যাচ্ছি যে আমাদেরকে রক্ষা করতে পারবে। চিন্তা কর না। আমি খুব শিঘ্রই একটি সমাধান নিয়ে ফেরত আসবো।”



৩ প্রথম কয়েক ঘন্টা সবগুলো কয়েন খুব ধৈর্য্য ধরে রইলো এবং মেই-এর ফিরে আসার জন্য অপেক্ষা করতে লাগলো। যাইহোক, চিন  আর ধৈর্য্য ধরে রাখতে পারলো না এবং সে আর অপেক্ষা করতে চাইলো না। “**এমন কোন রক্ষাকারীর জন্য আমি এখানে অপেক্ষা করে বসে থাকতে পারবো না যে কিনা কখনোই আসবে না। আমিই আমাকে রক্ষা করতে যাচ্ছি।** আমার সাথে কে কে আসতে চায়?”



৪ নতুন কয়েকগুলো চিনের কথায় রাজি হলো এবং তার সাথে গেল। কিন্তু সেখান থেকে বের হওয়ার একটাই মাত্র পথ ছিল তাহলো বাক্সের গ্লাসটি ভেঙ্গে ফেলা এবং মেঝেতে পড়ে যাওয়া যার ফলে নর্দমার মধ্যে পড়ে যাওয়ার সম্ভাবনা আছে। ইয়ান চেষ্টা করতে লাগলো যেন কোন না কোন ভাবে তার সঙ্গীদের সেখানে রেখে দেয়া যায় কিন্তু তারা আবর্জনার মধ্যে ফেলে দেয়া থেকে বরং সম্মানের সাথে মৃত্যুবরণও করতে রাজি ছিল।




বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

# সম্পর্কযুক্ত গল্প


চাষ করা

## চিন এবং ইয়ান

৫ চিন বক্সে ধাক্কা মারার জন্য সবচেয়ে অল্পবয়সী ও শক্তিশালী কয়েনকে বক্সের একপাশে দাড়াতে বলল। “চিন এটা করো না! আমরা সবাই মারা যাব। তুমি আমাদের জীবনকে বিপদের দিকে ঠেলে দিচ্ছো,” ইয়ান বলল। **“যে রক্ষাকর্তা আসবেন না তার জন্য অপেক্ষা করার থেকে বরং সম্মানের সাথে মৃত্যুও ভাল,”** চিন বলল।



৬ “আমি যখন বলল তখন সবাই মিলে ধাক্কা দিবে। এক, দুই এবং... তিন!” যতক্ষণ না বক্সটি টেবিলের কোনায় পৌছালো ততক্ষণ পর্যন্ত কয়েনগুলো বক্সটিকে ধাক্কা মারতে থাকলো। “আর একটু ধাক্কা দিলেই আমরা নিচে নামতে পারবো,” চিন বলল। কিন্তু নর্দমার গেটটা ঠিক টেবিলের পাশেই ছিল।



### শিক্ষার সময়

সেই কোন রক্ষাকর্তাকে সঙ্গে করে ফিরে আসবে সেই জন্য চিন অপেক্ষা করতে রাজি ছিল না। তারপরিবর্তে, সে তাই করতে সিদ্ধান্ত নিলো যেটা তার কাছে ভাল বলে মনে হলো। তোমারও হয়তো একই রকম মনে হতে পারে। তুমি হয়তো ভাবতে পার যে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারবেন না অথবা হয়তো তুমি যীশুর কথা কোনদিন শোনই নাই। অথবা হয়তো তুমি ঈশ্বরের সাথে জীবনযাপন করা বন্ধ করে দিয়েছো কারণ তোমার মনে হয়েছে যে তিনি তোমার প্রার্থনার উত্তর দিকে অনেক সময় নেন। **আজকে আমি চাই যেন তুমি জানতে পার যে যীশুই সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী এবং তুমি যদি তোমার জীবন তাঁর কাছে দাও তাহলে তিনি তোমাকে সাহায্য করতে পারেন ও করবেন।**

**মনে কর আজকে বাইবেল পদটি আমাদের কি বলেঃ**
**“যারা হারিয়ে গেছে তাদের খোঁজ করতে ও পাপ থেকে উদ্ধার করতেই মনুষ্যপুত্র এসেছেন।” - লূক ১৯ঃ১০**

**উদাহরণ**

- **তুমি যদি মনে কর যে ঈশ্বরের সাথে জীবন যাপন না করায় তিনি তোমার উপর অসন্তুষ্ট তাহলে তাঁর কাছে ক্ষমা চাও এবং তোমার জীবনে যীশুকে আমন্ত্রন জানাও কারণ তিনিই সবচেয়ে সেরা রক্ষাকারী।**
- **যদি তুমি একা বোধ কর অথবা হতাশ থাক এবং মনে করছো যে কেউ তোমাকে সাহায্য করতে পারবে না, তাহলে যীশুকে আসতে বল এবং তাঁর সাহায্য নাও কারণ তিনি সবচেয়ে সেরা রক্ষাকারী।**


চিন মনে করেছিল যে একজন রক্ষাকর্তার জন্য অপেক্ষা করা হচ্ছে সময় নষ্ট করা। তাই, চলো দেখি পরে কি ঘটলো।

বিজয় মিনিস্ট্রিজ্ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ


# সম্পর্কযুক্ত গল্প

# চিন এবং ইয়ান

৭ ইয়ান বলল, “আমরা তোমার সাথে মরবো না। **আমরা রক্ষাকর্তার জন্য অপেক্ষা করবো**। আমি জানি তিনি খুব শিঘ্রই আসবেন।” তারপর সে অন্য কয়েকগুলোকে বলল যেন তারা শক্ত করে মাদুর ধরে রাখে যেন বক্সটি পড়ে গেলেও তারা গড়িয়ে নর্দমায় না পড়ে যায়। বুদ্ধিমান ও বাধ্য কয়েনগুলো তাদের সমস্ত শক্তি দিয়ে মাদুর ধরে রইলো। আর তখনই চিন  ধাক্কা মারার জন্য শেষ অর্ডারটি দিল। “এক, দুই, এবং...” তার নাম্বার গননা শেষ করার আগেই বাক্সটি বাতাসে ভাসতে লাগলো এবং সব কয়েনগুলো চিৎকার করতে লাগলো।



৮ যখন বাক্সটি মেঝেতে পড়লো তখন গ্লাস ভেঙ্গে হাজার হাজার টুকরা হয়ে গেল। চিন এবং তার সঙ্গীরা প্রথমে গড়িয়ে বক্সের বাইরে চলে আসলো। ইয়ান যখন পড়ার পর কোন রকমে বেঁচে গেল তখন সে বুঝতে পারলো যে একটি নরম হাত তাকে তুলে নিচ্ছে। সে তার চোখ খুললো এবং দেখলো যে একজন স্যুট পড়া লোক তাকে ধরেছে। পিছন থেকে একটি কণ্ঠস্বর শোনা গেল, “চিনকে বাঁচাও! তাকে বাঁচাও!” আমি মেই। লোকটি তাড়াতাড়ি করে চিনকে ধরে ফেললো যে কিনা ময়লার গেটের একেবারে কাছাকাছি ছিল। **চিন যা করেছিল সেই জন্য তার খুব খারাপ লাগছিল কিন্তু কৃতজ্ঞও ছিল যে রক্ষাকর্তা ঠিক সময়ে এসে তার জীবন রক্ষা করেছেন।**



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ

অংশগ্রহন

# কাজের পরিকল্পনা

## কাজ # ১ সিদ্ধান্ত গ্রহন


রক্ষাকর্তার উপর থেকে আশা ছেড়ে দিয়ে এবং নিজের জীবন নিজেই রক্ষা করতে চেষ্টা না করে বরং ইয়ান রক্ষাকর্তার জন্য অপেক্ষা করতে ইচছুক ছিল। ঠিক একই ভাবে যীশুও চান যেন তুমি তাঁর উপর নির্ভর কর। তিনিই সবচেয়ে সেরা জীবন রক্ষাকারী। তিনি তোমাকে এত ভালবাসেন যে তিনি তোমার জন্য তাঁর নিজের জীবন দিয়েছেন। যদি তুমি আজকে যীশুর মধ্য দিয়ে রক্ষা পেতে চাও তাহলে আমার সাথে এই প্রার্থনা কর।

## কাজ # ২ প্রার্থনা

পিতা ঈশ্বর, আমার পাপের শাস্তির জন্য ক্রুশে মরতে যীশুকে পাঠানোর জন্য তোমাকে ধন্যবাদ। দয়াকরে আমার পাপগুলো ক্ষমা কর এবং আমার জীবনে আস এবং আমার রক্ষাকর্তার হও। এখন থেকে আমি তোমার উপর নির্ভর করে চলবো। যীশুর নামে, আমেন।



# চলো খেলা করি! খেলার প্রশ্নঃ



- আগের সপ্তাহের পাঠে, আমরা বলেছিলাম যে কেউ একজন সবকিছু সৃষ্টি করেছেন। তিনি কে?

  **ঈশ্বর**

- আগের পাঠে আমরা বলেছি যে ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন। ঈশ্বর সৃষ্টি করেছেন এমন একটি জিনিসের নাম বল।

  **সূর্য, গাছপালা, পশুপাখী, ইত্যাদি।**

- গত সপ্তাহের বাইবেলের পদ বলে যে ঈশ্বর মহাকাশ ও পৃথিবী ____ করলেন।

  **সৃষ্টি**



বিজয় মিনিস্ট্রিজ এর পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ বা বিক্রয় নিষিদ্ধ